দৈনিক জনকণ্ঠ

তারিখ JUN 18 1999
পৃষ্ঠা
কলাম

# পাঁচ বোর্ডেই ক্যাডেট কলেজগুলো এগিয়ে

জনকণ্ঠ রিপোর্ট

বৃহস্পতিবার প্রকাশিত ১৯৯৯ সালের এসএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ৫ শিক্ষা বোর্ডের ৫টি শ্রেষ্ঠ প্রতিষ্ঠান বাছাই করতে গিয়ে দেখা গেছে ক্যাডেট কলেজগুলোই এগিয়ে রয়েছে। ঢাকা বোর্ডে দেখা যায়, বিজ্ঞান বিভাগে ৪৬, মানবিক বিভাগে ২২ এবং বাণিজ্য বিভাগে ২৬ জন মেধা তালিকায় স্থান লাভ করেছে। এর মধ্যে মির্জাপুর ক্যাডেট কলেজের বিজ্ঞান বিভাগে ৯ এবং মানবিক বিভাগে ৬ জন মেধা তালিকায় স্থান লাভ করেছে। এই বোর্ডের আইডিয়াল স্কুল ও কলেজের বিজ্ঞান বিভাগে ১২ জন এবং বাণিজ্য বিভাগের ৬ জন স্থান লাভ করে। তবে মেধা তালিকার শীর্ষস্থানগুলো মির্জাপুর ক্যাডেট কলেজের ছাত্ররাই অর্জন করেছে। রাজশাহী বোর্ডে বিজ্ঞান বিভাগে ৪৪, মানবিক বিভাগে ২৭ এবং বাণিজ্য

(২- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

## পাঁচ বোর্ডেই ক্যাডেট (প্রথম পাতার পর)

বিভাগে ২৮ জন স্থান লাভ করেছে। এর মধ্যে পাবনা ক্যাডেট কলেজের ১৬ জন বিজ্ঞান বিভাগে এবং ১০ জন মানবিক বিভাগে মেধা তালিকায় স্থান লাভ করেছে। এর কাছাকাছিও অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠান পৌছতে পারেনি।

কুমিল্লা বোর্ডে বিজ্ঞানে ৩৬, মানবিকে ২১ এবং বাণিজ্যে ২৯ জন মেধা তালিকায় স্থান লাভ করেছে। এর মধ্যে কুমিল্লা ক্যাডেট কলেজের ১৮ জন বিজ্ঞান বিভাগে এবং ৩ জন মানবিকে স্থান লাভ করে।

যশোর বোর্ডে বরিশাল ক্যাডেট কলেজের ১৫ জন বিজ্ঞান বিভাগে এবং ৭ জন মানবিক বিভাগে স্থান লাভ করেছে। এই ফলাফলের কাছাকাছি অন্য কোন প্রতিষ্ঠান পৌছতে পারেনি। একমাত্র ব্যতিক্রম চট্টগ্রাম বোর্ড। এই বোর্ডে বিজ্ঞান বিভাগে ৩৭, মানবিকে ২৬ এবং বাণিজ্যে ২৬ জন মেধা তালিকায় স্থান লাভ করেছে। এই স্থান দখল নিয়ে চট্টগ্রাম সরকারী বালক উচ্চ বিদ্যালয় এবং ইস্পাহানী পাবলিক স্কুল এ্যান্ড কলেজের মধ্যে তীব্র লড়াই হয়েছে। চট্টগ্রাম সরকারী বালক উচ্চ বিদ্যালয়ের ৮ জন বিজ্ঞানে, ১ মানবিকে এবং ৪ জন বাণিজ্য বিভাগের মেধা তালিকায় স্থান লাভ করেছে।

অন্যদিকে ইস্পাহানী পাবলিক স্কুল এ্যান্ড কলেজের ৭ জন বিজ্ঞানে ও ৩ জন মানবিক বিভাগের মেধা তালিকায় স্থান লাভ করেছে।